

তারিখ 113 NOV 2016  
পঠা ৩০ কলাম 2

দৈনিক  
**ইত্তেফাক**

## ॥ গোরীপুরে জেএসসি-জেডিসি পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ফি আদায়! ॥

■ গোরীপুর (ময়মনসিংহ) প্রতিনিধি

ময়মনসিংহের গোরীপুরে চলতি জেএসসি ও জেডিসি পরীক্ষার্থীর অধিকাংশের কাছ থেকে সরকার নির্ধারিত ফির অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ পাওয়া গেছে। নির্ধারিত ফি ২৫০ টাকার স্থলে দ্বিগুণ বা তিন গুণ অর্থ আদায় করেছে এসব প্রতিষ্ঠান।

এ বছর গোরীপুর থেকে জেএসসি পরীক্ষায় ৫ হাজার ২২৫ জন এবং জেডিসি পরীক্ষায় ৮৬৬ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছে। জেএসসি কর্ম প্রয়োগের জন্য খলদবাড়ি উচ্চ বিদ্যালয় ও তালে হোসেন খান উচ্চ বিদ্যালয়ের পরীক্ষার্থীদের কাছ থেকে ৬শ টাকা, শাহগঞ্জ উচ্চ বিদ্যালয়, পাছার উচ্চ বিদ্যালয়, বেতান্দর উচ্চ বিদ্যালয় ও পাছার সামান্য মাদরাসার পরীক্ষার্থীদের কাছ থেকে সাতশ টাকা টাকা আদায়ের অভিযোগ পাওয়া গেছে।

কিছু টাকা মেশি নেওয়া হয়েছে স্থিকার করে তালে হোসেন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আবুল হাশেম

জানান, তবে হয়শ টাকা নয়।

বেতান্দর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ সাইফুল ইসলাম জানান, অতিরিক্ত ফি নেওয়ার বিষয়টি আমার জানা নেই। পাছার সামান্য দাখিল মাদরাসার সুপার মোঃ আজিজুল হক জানান। স্কুলে সাতশ টাকা করে দেয়ানি, কয়েক জন

সাতশ টাকা করে দিয়েছে।

শাহগঞ্জ কুল এন্ড কলেজের অধ্যক্ষ মোঃ আব্দুস শাকুর জানান, ফরমপুরখানে ৪৫০ টাকা ও অন্যান্য ফি নেওয়া হয়েছে, কোনো অতিরিক্ত ফি নেওয়া হয়নি।

পাছার উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহ আরশাদুল হক জানান, বেতন ও অন্যান্য পাওনাদি নির্ধারিত ফির অতিরিক্ত কোনো টাকা নেওয়া হয়নি। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ জাহানুর হোসেন জানান, এখন পর্যন্ত কোনো পরীক্ষার্থী বা অভিভাবকের নিকট থেকে ফরমপুরখে অতিরিক্ত ফি নেওয়ার অভিযোগ পাওয়া যায়নি।